দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... NOV. 09 1999

পৃষ্ঠা 2 কলাম 8

17

# হরতালের কারণে পরীক্ষা আবার পিছাইয়া গেল

রেজানুর রহমান ॥ হরতালের কারণে বিভিন্ন স্কুলের বার্ষিক পরীক্ষা আবারও পিছাইয়া গেল। ১লা নভেম্বর একদিনের হরতাল শেষে ৭ ও ৮ই নভেম্বর দুইদিনের হরতালের কর্মসূচী ঘোষিত হইলে বিভিন্ন স্কুলে পরীক্ষার সময়সূচী পরিবর্তন করিতে হয়। অধিকাংশ স্কুল আজ হইতে পরীক্ষা গ্রহণের সময়সূচী নির্ধারণ করিয়াছিল। গতকাল স্কুলে স্কুলে পরীক্ষার্থীদের সীট বন্টনও করা হইয়াছে।

কিন্তু আজ আবার হরতাল ঘোষিত হওয়ায় পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে আবারও জটিলতা দেখা দিয়াছে। গতকাল রাতে নগরীর বিভিন্ন এলাকা এমনকি দেশের প্রত্যন্ত অঞ্চল হইতে ছাত্র-ছাত্রীদের উদ্বেগাকুল বাবা-মা ও আত্মীয়-স্বজন ইত্তেফাকে টেলিফোন করিয়া জানিতে চাহিয়াছেন–এইভাবে হরতাল হইলে আমাদের (২য় পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## পিছাইয়া গেল

(প্রথম পৃষ্ঠার পর)

ছেলে-মেয়েদের পরীক্ষার কি হইবে?

নাম প্রকাশে অনিচ্ছুক একজন প্রধান শিক্ষক ইত্তেফাকে টেলিফোন করিয়া করুণকণ্ঠে পরীক্ষা সংক্রান্ত দুরবস্থার চিত্র তুলিয়া ধরিয়াছেন। তিনি বলেন, ১লা নভেম্বরের পূর্বেই বার্ষিক পরীক্ষার সময়সূচী নির্ধারণ করিয়া দেওয়া হইয়াছিল। পহেলা নভেম্বর হরতাল কর্মসূচী ঘোষিত হওয়ায় পরীক্ষা নিয়া সংশয় দেখা দেয়। আমরা ধারণা করিয়াছিলাম পরীক্ষার্থীদের স্বার্থে ৭ ও ৮ই নভেম্বর হরতাল প্রত্যাহার করা হইবে। ইহাও যখন করা হইল না তখন পুনরায় আশায় বুক বাধিয়া ছিলাম ৭ ও ৮ তারিখের পর পরীক্ষার মাসে বোধহয় আর হরতাল হইবে না। কিন্তু আমাদের কোন ধারণাই সঠিক হইল না। পরীক্ষা নিয়া আবার দুর্ভাবনায় পড়িয়াছি।

অপর একজন শিক্ষক দুঃখ প্রকাশ করিয়া বলিলেন, হঠাৎ হঠাৎ হরতাল কর্মসূচী ঘোষিত হওয়ায় আমরা বার্ষিক পরীক্ষার ভবিষ্যৎ নিয়া উৎকণ্ঠায় পড়িয়াছি। ছাত্র-ছাত্রী ও তাহাদের অভিভাবকদের জানাইয়া দিতে হইতেছে আজকের পর পরীক্ষার সকল কর্মসূচী ঠিক থাকিবে। কিন্তু আবারও হরতাল হইলে তখন কি বলিব? কতদিন ধরিয়া পরীক্ষা নিব? পরীক্ষার ফলাফলইবা প্রকাশ করিব কতদিন পর?

গতকাল একজন অভিভাবক ইত্তেফাকে টেলিফোন করিয়া বলিয়াছেন, 'ছেলেকে পড়াশুনায় মনযোগী করিতে পারিতেছি না। পড়াশুনার জন্য তাগাদা দিলেই সে যুক্তি দেখায় পড়িয়া কি হইবে? দেখিও পরীক্ষার দিন হরতাল হইবে।' তিনি বলেন, পর পর দুইদিন ছেলের কথা ঠিক হওয়ায় তাহাকে আর পড়াশুনার ব্যাপারে মনযোগী করা যাইতেছে না।

এদিকে হরতালের কারণে বিভিন্ন বিশ্ববিদ্যালয় সবচাইতে বিপাকে পড়িয়াছে। বিশেষ করিয়া জাতীয় বিশ্ববিদ্যালয়ের করুণদশা দেখা দিয়াছে। মাষ্টার্সের বিভিন্ন পরীক্ষা, আসন্ন ডিগ্রী পরীক্ষা গ্রহণের ব্যাপারে কর্তৃপক্ষ দুশ্চিন্তায় পড়িয়াছে।

### নৌ-বিহার কর্মসূচী স্থগিত

ঢাকায় চলিতেছে ৯ম এশীয় চারুকলা প্রদর্শনী। এই উপলক্ষে বিভিন্ন দেশের প্রায় ৫০ জন বিশিষ্ট শিল্পী ঢাকায় অবস্থান করিতেছেন। রবিবার হরতাল থাকা সত্ত্বেও পূর্বাণী হোটেলে অনুষ্ঠিত হইয়াছে চিত্রকলা বিষয়ক আন্তর্জাতিক সেমিনার। আজ শিল্পীদের নিয়া বুড়িগঙ্গায় নৌবিহারের কর্মসূচী ছিল। কিন্তু হরতালের কারণে কর্মসূচী বাতিল হওয়ায় আমন্ত্রিত অতিথিদের অনেকেই অবাক হইয়াছেন।